



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবপ্রবি/সংস্থাপন/২৮২/৯৫৭

তারিখ : ২৩/১১/২০২০ ইং


পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স
(০১) ল্যাব এ্যাটেনডেন্ট (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	০২টি	কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০২) ফিল্ড এ্যাটেনডেন্ট (শারীরিক শিক্ষা দপ্তর) (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	০২টি (পুরুষ-০১টি ও মহিলা-০১টি)	কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৩) মেশিন (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	০১টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৪) কারপেন্টার (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	০১টি	কমপক্ষে এসএসসি পাশসহ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৫) সিক বয় (মেডিকেল সেন্টার) বেতন স্কেল- ৮২৫০-২০০১০/-	০১টি	নূন্যতম এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৬) অফিস সহায়ক (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	০৪টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৭) মালী (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	০১টি	কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৮) সহকারী বারুচি (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	০২টি	নূন্যতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে এবং ক্যাটারিং সার্ভিস-এ অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(০৯) টেবিল বয় (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	০১টি	নূন্যতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(১০) আয়া (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	০১টি	নূন্যতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

### শর্তাবলী :

- আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১৫/১২/২০২০ ইং। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের (১৫/১২/২০২০ ইং) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে :  
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রয়োজ্য ক্ষেত্রে) (ঙ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।  
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- কর্মচারী পদে আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিধিতে বর্ণিত নিয়োগ শর্তাবলী শিথিলযোগ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রয়োজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
 ১২/১১/২০২০  
 অতিরিক্ত রেজিস্ট্রার  
 পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
 পাবনা।